



# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং -চাপ্রবি/শিশা/আঃগ্র্যাঃপ্রোগঃ/ভর্তি/৭১৩

তারিখঃ ২৪/০৩/২০১৬ খ্রিঃ।

## ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এ বিভিন্ন অনুষদের বিভাগ সমূহে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি এসসি ইঞ্জিনিয়ারিং ও ব্যাচেলর অব আর্কিটেকচার (বি আর্ক) প্রোগ্রামে ভর্তির জন্য ভর্তি পরীক্ষার মাধ্যমে ছাত্র/ছাত্রী বাছাই করা হইবে। এই নিমিত্তে উপযুক্ত প্রার্থীদের নিকট হইতে DBBL মোবাইল ব্যাংকিং এবং অনলাইন এর মাধ্যমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ভর্তি বিষয়ক তথ্যাবলী <http://www.duetbd.com/admission2016> এ পাওয়া যাইবে। ভর্তি পরীক্ষার ফি বাবদ টাকা ৯৭০/- (নয়শত সত্তর) টাকা DBBL মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করিতে হইবে।

প্রার্থীর সাধারণ যোগ্যতাঃ

- ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।
- খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ৫০% নম্বর অথবা ৫ এর ক্ষেত্রে কমপক্ষে GPA ৩.০০ (ঐচ্ছিক বিষয় সহ) পাইয়া উত্তীর্ণ হইতে হইবে।
- গ) প্রার্থীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার এ গড়ে কমপক্ষে ৬০% নম্বর অথবা ৪ এর ক্ষেত্রে কমপক্ষে CGPA ৩.০০ পাইয়া উত্তীর্ণ হইতে হইবে।
- ঘ) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ আর্কিটেকচার পরীক্ষায় ২০১১ ও তৎপরবর্তী সনে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে। তবে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, সেক্টর কর্পোরেশন-এ শিক্ষকতা সহ অন্যান্য পদে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হইবে না।
- ঙ) ভর্তি পরীক্ষা ২০১৫-১৬ এর প্রসপেক্টাসের ৪ (ক) ছক অনুযায়ী উল্লেখিত বিভাগ সমূহে ভর্তির জন্য আবেদন করা যাইবে।
- চ) কোন প্রার্থী একাধিক বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে পৃথক পৃথক ভাবে আবেদন করিতে হইবে। আর্কিটেকচার টেকনোলজির প্রার্থীগণ সিভিল ও আর্কিটেকচার বিভাগের যে কোন একটিতে আবেদন করিতে পারিবে।
- ছ) চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- জ) বিদেশী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে প্রার্থীকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করিতে হইবে। উল্লেখ্য, অনলাইনে ভর্তির প্রক্রিয়া বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য নহে। তবে বিদেশী ছাত্র-ছাত্রীদের ভর্তি সংক্রান্ত তথ্য <http://www.duet.ac.bd> হইতে সংগ্রহ করা যাইবে।

DBBL মোবাইল ব্যাংকিং এবং অনলাইন এর মাধ্যমে ৩১/০৩/২০১৬ খ্রিঃ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকা হইতে ০২/০৫/২০১৬ খ্রিঃ সোমবার বিবাল ৪.০০ ঘটিকা পর্যন্ত আবেদন করা যাইবে।

স্বাক্ষরিত/-  
সভাপতি  
ভর্তি কমিটি

তারিখঃ ২৪/০৩/২০১৬ খ্রিঃ।

স্মারক নং -চাপ্রবি/শিশা/আঃগ্র্যাঃপ্রোগঃ/ভর্তি/৭১৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হইল :

- ১। সকল সদস্য, ভর্তি কমিটি ২০১৫-২০১৬;
- ২। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য);
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক;
- ৪। কম্পিউটার (ভারপ্রাপ্ত), কম্পিউটার অফিস/সকল অফিস প্রধান;
- ৫। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/The Daily Observer;
- ৬। নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ;
- ৭। অফিস কপি/সংরক্ষণ নথি।

৩-১৬